উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি ঃ জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর।
সভার স্থান ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়,হবিগঞ্জ সদর
তারিখ ঃ ২৪/১১/২০২১ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা

সভাপতি সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভার শুরুতে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি,হবিগঞ্জ সদর উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপ:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য সচিব , উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা শিক্ষা কমিটি, হবিগঞ্জ সদর সভায় উল্লেখ করেন যে, উপজেলার শিক্ষা কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। তিনি জনপ্রতিনিধি ও কর্মকর্তদের বিদ্যালয় পরিদর্শণ করে শিক্ষার মান উন্নয়নে পরামর্শ দেওয়ার অনুরোধ জানান।	উল্লেখিত বিষয়ে আলোচনার পর জনপ্রতিনিধি ও কর্মকর্তদের বিদ্যালয় পরিদর্শণ ও মনিটরিং ব্যবস্থা জোড়দার করার সিদ্ধান্ত নেওয়া হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
০২	উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য সচিব , উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, হবিগঞ্জ সদর সভায় উল্লেখ করেন যে, প্রত্যন্ত অঞ্চলে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষক ও এসএমসি সদস্যদের দায়িত্ব কর্তব্য ও বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। বিস্তারিত আলোচনার পর এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।	উল্লেখিত বিষয়ে আলোচনার পর প্রত্যন্ত অঞ্চলে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষক ও এসএমসি সদস্যদের দায়িত্ব কর্তব্য ও বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।দেওয়া প্রয়োজন বলে সকলেই একমত পোষন করেন এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় প্রত্যন্ত অঞ্চলে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষক ও এসএমসি সদস্যদের দায়িত্ব কর্তব্য ও বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক একটি প্রশিক্ষণ এর প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/১১/২১
(ফেরদৌস আরা বেগম)
উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি ।

স্মারক নং:
অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে
১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
২। উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

তারিখ:

উপজেলা শিক্ষা কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা শিক্ষা অফিস

সদর,হবিগঞ্জ।

বিষয়:-হবিগঞ্জ সদর উপজেলার প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার রেজুলেশন।

স্থান:- ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ এর কার্যালয়।

তারিখ:-২৪/১০/২০২১খ্রি: সময়:-বেলা ১১.০০ ঘটিকা।

আহ্বায়ক :-জনাব ফেরদৌস আরা বেগম, ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ।

উপস্থিতি স্বাক্ষর:পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচী:

(১) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মান সংক্রান্ত।

(২) বিবিধ।

আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং সদস্য সচিব তথা উপজেলা শিক্ষা অফিসারকে আলোচ্য সূচীভূক্ত বিষয়গুলো উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

*****সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মান সংক্রান্ত:-***

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র হবিগঞ্জ সদর উপজেলার আবাসিক এলাকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মাণ কল্পে অর্থ বরাদ্দ সহ অনুমতি পেয়েছে। এমনকি ঠিকাদারও নিয়োগ পেয়েছে কিন্তু উক্ত বিদ্যালয়ের সম্মানীত সভাপতি ও প্রধান শিক্ষক বিদ্যালয়ের সীমানা প্রাচীর তৈরী করলে সেখানে বিদ্যালয়ের জমির পরিমান সহ যেহেতু একেই ক্যাম্পসে জেলা পর্যায়ে সরকারি কর্মচারী ও কর্মকর্তাদের আবাসিক এলাকায় থাকার কারণে এখানে পুরাটাই সীমানা প্রাচীরের ভিতরে বিধায় নতুন করে আর কোন সীমানা প্রাচীর না দেওয়ার জন্য লিখিত ভাবে রেজুলেশন দিয়ে জানান। আলোচনান্তে সম্মানীত আহ্বায়ক জানান যে যেহেতু আবাসিক এলাকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর তৈরী হচ্ছে না উক্ত বিদ্যালয়ের সীমানা প্রচীরের অর্থ বরাদ্দ সওদাগরকৃষ্ণধন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামে করা যায় কি না এ ব্যাপারে সভায় সওদাগরকৃষ্ণধন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম উপস্থাপন করা হয়ে। এবং সওদাগরকৃষ্ণধন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামে সীমানা প্রাচীরের অনুমতি সহ বরাদ্দ পাওয়ার বিষয়ে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

*****বিধি আলোচনা:-***

সভায় আলোচনান্তে সম্মানীত আহ্বায়ক আরও বলেন যে, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঝড়ে পড়া ও পুরাতন মরা গাছের কারণে বিদ্যালয় শিশুরা ঝুকি মুখে রয়েছে এবং বিদ্যালয়ের উন্নয়ন মূলক কাজ যেমন নতুন ভবন নির্মান/শ্রেনি কক্ষ নির্মানের স্বার্থে আবশ্যিকভাবে গাছগুলি অপসারন জরুরী হয়ে পড়েছে। বিধায় গাছ গুলি বিধিমোতাবেক নিলাম দিয়ে অপসারনের জন্য উক্ত সভা হতে উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনার আর কোন বিষয় না থাকায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ফেরদৌস আরা বেগম)
ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ
ও
~~আহ্বায়ক~~ সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

E:\kajal-letter\Resulation Upazila Standing.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা শিক্ষা অফিস

সদর,হবিগঞ্জ।

বিষয়:-হবিগঞ্জ সদর উপজেলার প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার রেজুলেশন।

স্থান:- ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ এর কার্যালয়।

তারিখ:-২৪/১২/২০২১খ্রি: সময়:-বেলা ১১.০০ ঘটিকা।

আহ্বায়ক :-জনাব ফেরদৌস আরা বেগম, ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ।

উপস্থিতি স্বাক্ষর:পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচী:-

(১) নতুন এস.এম.সি কমিটি গঠন সংক্রান্ত।

(২) নতুন বই সংক্রান্ত।

(৩) বিবিধ।

আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং সদস্য সচিব তথা উপজেলা শিক্ষা অফিসারকে আলোচ্য সূচীভূক্ত বিষয়গুলো উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

*****নতুন এস.এম.সি কমিটি গঠন সংক্রান্ত:-***

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র হবিগঞ্জ সদর উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এস.এম.সি ইতো মধ্যে মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ায় নতুন করে এস.এম.সি গঠনের ব্যাপারে সভাকে অবগত করেন। সদস্য সচিব জানান যে, এর মধ্যে নিম্ন বর্ণিত বিদ্যালয়গুলি নতুন করে এস.এম.সি গঠন করে বলে সভাকে অবগত করেন।

**বিদ্যালয়ের তালিকা:-

ক্র:নং	বিদ্যালয়ের ধরন	বিদ্যালয়ের নাম	ইউনিয়নের /পৌরসভা নাম
০১	পুরাতন বিদ্যালয়	চন্দ্রনাথ সপ্রাবি	হবিগঞ্জ পৌরসভা
০২	পুরাতন বিদ্যালয়	ছোটবহুলা সপ্রাবি	রিচি
০৩	পুরাতন বিদ্যালয়	যাত্রাবড়বাড়ী সপ্রাবি	গোপায়া

*****নতুন বই সংক্রান্ত*****

আলোচনান্তে সভার আহ্বায়ক জানান যে, প্রতি বছরে ন্যায় এবারও সরকার কোমলমতি শিশুদের হাতে বছরের প্রথম দিন সকল বই তুলে দিবেন। প্রাক-প্রাথমিক স্তর হতে ৫ম শ্রেণি পর্যন্ত নতুন বই এক যোগে শিশুদের হাতে তুলে দেওয়া হবে। সেই লক্ষ্যে উপজেলাওয়ারী নতুন বই আসা শুরু করতে পারে সে জন্য নতুন বই নিরাপদে রাখার জন্য সেহেতু উপজেলা কোন ষ্টোর রুম নেই সে জন্য নিরাপদের রাখার জন্য উপজেলা শিক্ষা আফিসারকে অনুরোধ জানোও হয়। এবং পূর্বে প্রস্তুতি রাখার জন্য প্রয়োজনী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনার আর কোন বিষয় না থাকায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ফেরদৌস আরা বেগম)
ভাইস্ চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ
ও
~~আহ্বায়ক~~ সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা শিক্ষা অফিস

সদর,হবিগঞ্জ।

বিষয়:-হবিগঞ্জ সদর উপজেলার প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার রেজুলেশন।

স্থান:- ভাইস চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ এর কার্যালয়।

তারিখ:-২২/০৮/২০২১খ্রি: সময়:-বেলা ১১.০০ ঘটিকা।

আহ্বায়ক :-জনাব ফেরদৌস আরা বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ।

উপস্থিতি স্বাক্ষর:পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচী:-

(১) শিক্ষার মান উন্নয়ন।

(২) নতুন এস.এম.সি কমিটি গঠন সংক্রান্ত।

(৩) বিবিধ।

আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং সদস্য সচিব তথা উপজেলা শিক্ষা অফিসারকে আলোচ্য সূচীভূক্ত বিষয়গুলো উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

***** শিক্ষার গুণগত মান সংক্রান্ত:-***

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কোরোনা ভাইরাস এর সংক্রমন কারণে দীর্ঘ দিন বিদ্যালয় বন্ধ থাকার কারণে কোমলমতি শিশুদের উপর লেখাপড়ায় প্রভাব পরতে পারে বরে সভাকে অবগত করেন। আলোচনান্তে সম্মানীত আহ্বায়ক বলেন যে কোরোনা সংক্রমের দীর্ঘ দিন বিদ্যালয় বন্ধ থাকার কারণে অনেক শিক্ষর্থী ঝড়ে পড়ার সম্ভবনা রয়েছে। এক জন শিক্ষার্থী যাথে ঝড়ে না পরে সেদিকে বিশেষ লক্ষ্য রাখার জন্য সভাকে অবগত করেন। প্রয়োজনে মা সমাবেশের মাধ্যমে আরও আন্তরিকতার সাথে কাউন্সিল করে ঝড়ে পড়া রোধ করতে হবে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার সহকারি উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় দিক নির্দেশনা সহ শিক্ষার গুনগত মান আরও বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।

*****নতুন এস.এম.সি কমিটি গঠন সংক্রান্ত:-***

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র হবিগঞ্জ সদর উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এস.এম.সি কমিটির মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়া নতুন করে এস.এম.সি কমিটি গঠনের ব্যাপারে সভাকে অবগত করেন। আলোচনান্তে সম্মানীত আহ্বায়ক বলেন যে কোরোনা ভাইরাসের কারণে নতুন কমিটি গঠন করা হয়ছিল না, বর্তমানের ভাইরাসের সংক্রমন কমে যাওয়া কারণে নতুন কমিটি গঠন করা যেথে পারে। এ ব্যাপারে সভায় উপস্থিত সকল সদস্যকে দৃষ্টি আর্কষণ করেন। এবং মেয়াদোত্তীর্ণ বিদ্যালয়ের এস.এম.সি কমিটি গঠন আগামী ২/৩ মাসের মধ্যে করা যায় কি না এ ব্যাপারে সভায় আলোচনা হয়। এবং নতুন কমিটি গঠনের বিষয়ে প্রয়োজনী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনার আর কোন বিষয় না থাকায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ফেরদৌস আরা বেগম)

ভাইস চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ

ও

~~আহ্বায়ক~~ সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
সদর,হবিগঞ্জ।

বিষয়:-হবিগঞ্জ সদর উপজেলার প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার রেজুলেশন।
স্থান:- ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ এর কার্যালয়।
তারিখ:-১৮/০৬/২০২২খ্রি: সময়:-বেলা ১১.০০ ঘটিকা।
আহ্বায়ক :-জনাব ফেরদৌস আরা বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ,সদর হবিগঞ্জ।

উপস্থিতি স্বাক্ষর:পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচীঃ-

(১) বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট।
(২) ছাত্র/ছাত্রীর উপস্থিতি বৃদ্ধি।
(৩) বিবিধ।

আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধদ্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং সদস্য সচিব তথা উপজেলা শিক্ষা অফিসারকে আলোচ্য সূচীভূক্ত বিষয়গুলো উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

*****বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট*****

সভার প্রারম্ভে আহ্বায়ক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচনার প্রথমেই তিনি আমাদের প্রাথমিক বিদ্যালয়ের বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট নিয়ে কথা বলেন, তিনি জানান যে বর্তমান সরকার ক্ষমতা আসার পর প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট চালু করা হয়েছে যা একটি যুযোপযোগী পদক্ষেপ। এ বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট হতে বেড়িয়ে এসেছে আজ এশিয়া কাপ জয়ী মেয়েরা । তারা সারা বিশ্বে বাংলাদেশকে আবার নতুন ভাবে পরিচয় করে দিয়েছে। তারই ধারাবাহিকতায় এ বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট জন্য প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকগণ যেন পড়াশোনার পাশাপাশি ফুটবল টুর্ণামেন্ট আয়োজন এবং নিয়মিত ছাত্র/ছাত্রীদের নিয়ে প্রশিক্ষণের মাধ্যমে আরও যুগোপযোগী করার লক্ষ্যে এ বিষয়ে উক্ত সভা হতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

*****ছাত্র/ছাত্রীর উপস্থিতি বৃদ্ধি*****

আলোচনান্তে সভার আহ্বায়ক জানান যে,কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ ছিল তাই আমাদের কোমলমতি শিশুরা বিদ্যালয়ের পূর্বের ন্যায় উপস্থিতি দেখা যাচ্ছে না। যা শুভকর নহে এ বাস্তবতা থেকে উঠে আসতে হলে । প্রতিনিয়ত মা সমাবেশ ও উঠান বৈঠক করে মা দেরকে অনুপ্রাণিত করতে হবে এবং আজকে শিশুরাই আগামী দিনের দেশ গঠনের অংশিদার তাই ছাত্র/ছাত্রীদের নিয়মিত বিদ্যালয়ের উপস্থিতি করে শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য আমাদের-কে এক যুগে কাজ করতে হবে। এ ব্যাপারে প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষক সহ সহকারি উপজেলা শিক্ষা অফিসার-কে দাযিত্ব দিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনার আর কোন বিষয় না থাকায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ফেরদৌস আরা বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা) ,উপজেলা পরিষদ
ও
আহ্বায়ক
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।